ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট
ঢাকা
=====

## ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০-০৯-৯৯ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ড সভা ২০-০৯-৯৯ইং তারিখ বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি, প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | কর্ণেল মোঃ আবুল কালাম আজাদ<br>এস ই এম ও ভীরপ্রাপ্ত)<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| (২) | কমান্ডার এম এম এ তালুকদার (এক্স) বি এন<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| (৩) | উইং কমান্ডার এম ইনামুল বারী, পিএসসি<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমান বাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| (৪) | লেঃ কর্ণেল হামীদ-আল-হাসান<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| (৫) | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| (৬) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ শামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, জোয়ারসাহারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| (৭) | জনাব মোঃ জহিরুল হক<br>সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত |

উপস্থিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**প্রস্তাব নং-১ঃ** বিগত ২৯-০৬-৯৯ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিগত ২৯-০৬-৯৯ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে'৯৯, জুন'৯৯ ও জুলাই'৯৯ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে'৯৯, জুন'৯৯ ও জুলাই'৯৯ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৩ঃ** সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯৯৯-২০০০ সালের সহায়ক অনুদান বরাদ্দ বিষয়ক ২৪-০৮-৯৯ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/০৬-এ/৪৪ নং পত্রটি অবলোকনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হইল।

২য় পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯৯৯-২০০০ সালের সহায়ক অনুদান বরাদ্দ বিষয়ক ২৪-০৮-৯৯ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৩৬-এ/৪৪ নং পত্রটি অবলোকন করা হইল ।

প্রস্তাব নং-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুন'৯৯,জুলাই'৯৯ ও আগষ্ট'৯৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুন'৯৯,জুলাই'৯৯ ও আগষ্ট'৯৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-৫ঃ বনানী-কচুক্ষেত লিংক রোড নির্মাণের প্রেক্ষিতে ভাঙ্গাঁ পড়া রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১০৯টি দোকানের সালামী ও ভাড়ার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল।আলোচনান্তে সালামী ও ভাড়া কমানোর প্রস্তাব বিবেচনা করা গেল না।মাস্টার প্ল্যান মোতাবেক মার্কেট নির্মাণের ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত পাওয়ার পর দোকান পাকাকরণের বিষয়টি বিবেচনা করা যাইতে পারে ।

প্রস্তাব নং-৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত এ/৩৬ নং দোকানের ইজারা মেয়াদ ১০(দশ) বৎসর পূর্তির পর পরবর্তী ১০(দশ) বৎসরের জন্য নির্ধারিত ৪০,০০০/-(চল্লিশ হাজার)টাকা ইজারা ফি মওকুফের ব্যাপারে সিপাহী আবদুল মান্নান(অবঃ) কর্তৃক মাননীয় সেনাবাহিনী প্রধানের নিকট আবেদনের প্রেক্ষিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তর,ঢাকা সেনানিবাসের ০৩-০৮-৯৯ইং তারিখের ৬৯৯/৪/এ নং পত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ ইজারা ফি মওকুফের বিধান না থাকায় আবেদনটি বিবেচনা করা গেল না।আবেদনকারীকে এই ব্যাপারে স্টেশন সদর দপ্তরের সহিত যোগাযোগ করিতে পরামর্শ দেওয়া যাইতে পারে। বিষয়টি স্টেশন সদর দপ্তরকে অবহিত করা হউক ।

প্রস্তাব নং-৭ঃ ডিওএইচএস এলাকাসমূহের গৃহকর প্রতি ইউনিটের জন্য সর্বনিম্ন ১,২০০/-(এক হাজার দুইশত)টাকার স্থলে ১,৮০০/-(এক হাজার আটশত)টাকা হারে নির্ধারণ করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ ডিওএইচএস এলাকাসমূহের বাড়ীতে প্রতি ইউনিটের জন্য নির্ধারিত সর্বনিম্ন গৃহকর ১,২০০/-(এক হাজার দুইশত) টাকার স্থলে ১,৮০০/-(এক হাজার আটশত)টাকা পুনঃনির্ধারনের ব্যাপারটি আপাততঃ স্থগিত রাখা হউক ।

প্রস্তাব নং-৮ঃ মহাখালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাব এবং ক্যান্টনমেন্ট রেল স্টেশনের বিপরীতে এয়ারপোর্ট রোডের পার্শ্বে 'পলিও টিকা খাওয়ান,পলিওমুক্ত বাংলাদেশ গড়ুন' বিজ্ঞাপন প্রচারের নিমিত্তে ২০'X৯' বিশিষ্ট দুইটি হোর্ডিং স্থাপনের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।এতদ্ব্যাপারে অনুপম মার্কেটিং লিঃ এর ২০-১২-৯৮ইং এবং ১৫-০৩-৯৯ইং তারিখের আবেদনপত্র পেশ করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ হোর্ডিং স্থাপনের ব্যাপারে সভায় আলোচনা হইল।আলোচনান্তে ২০-১২-৯৮ইং এবং ১৫-০৩-৯৯ইং তারিখের আবেদন দুইটি বিবেচনা করা গেল না ।

প্রস্তাব নং-৯ঃ ঢাকা সেনানিবাসের জিয়া কলোনীর সম্মুখে ২০'X৮' ফুট বিশিষ্ট তিনটি হোর্ডিং স্থাপনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।এতদ্ব্যাপারে মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব সৈয়দ আবুল হোসেন এর সুপারিশকৃত আকাই এডভার্টাইজিং এর আবেদনপত্র পেশ করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ হোর্ডিং স্থাপনের ব্যাপারে সভায় আলোচনা হইল।আলোচনান্তে ২৮-২-৯৯ইং [illegible] আবেদনটি বিবেচনা করা গেল না।

৩য় পৃষ্ঠাঃ

প্রস্তাব নং-১০ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ইজারা গ্রহীতা মরহুম কাশিম আলী আদমজীর মৃত্যুর প্রেক্ষিতে তাহার ওয়ারিশ জনাব সাব্বির কাশিম আলী ও বেগম ফাতেমা কাশিম আলীর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে ওয়ারিশগণের ১৫-১২-৯৮ইং তারিখের আবেদনপত্র, আইন উপদেষ্টার মতামত ও প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সভায় বিষয়টির উপর আলোচনা ও উপস্থাপিত রেকর্ড পত্রাদি পর্যালোচনা করা হইল। আলোচনান্তে প্রচলিত বিধিমালার আলোকে সংশ্লিষ্ট বাড়ীর নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ভূষি, ডিম, ফল এবং কর্মকার ট্রেডের অস্থায়ী মোট ৪৪টি দোকানের ভাড়া অন্যান্য অস্থায়ী দোকানের ন্যায় প্রতি বর্গফুট ৩/-(তিন) টাকা হারে নির্ধারণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। উল্লিখিত দোকানসমূহ পাকা দোকান নহে বিধায় বিশেষ বিবেচনায় প্রতি বর্গফুট ২/-(দুই)টাকা হারে ভাড়া নির্ধারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল । এই সিদ্ধান্ত ০১-১০-৯৯ইং তারিখ হইতে কার্যকরী হইবে ।

প্রস্তাব নং-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার বেতন বৃদ্ধিসহ ৩(তিন) বৎসর মেয়াদে নিয়োগ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে তাঁহার ১২-০৮-৯৯ইং তারিখের আবেদনপত্র পেশ করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সভায় বোর্ডের আইন উপদেষ্টা এডভোকেট মোঃ কবির হোসেন শিকদার এর আবেদনপত্রের বিষয়ে বিস্তারিত আলোচনা হইল। দক্ষতা ও আন্তরিকতার সহিত স্বীয় দায়িত্ব পালন করায় বোর্ড সভা তাঁহার ব্যাপারে সন্তোষ প্রকাশ করে। সন্তোষজনক কাজকর্মের প্রেক্ষিতে ০১-১০-৯৯ইং তারিখ হইতে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা এডভোকেট মোঃ কবির হোসেন শিকদার এর বর্তমান মাসিক বেতন সর্বসাকল্যে ৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা হইতে ১০,০০০/-(দশ হাজার)টাকা বৃদ্ধিসহ তাঁহার নিয়োগের মেয়াদ আগামী ০৩-০১-২০০০ইং সাল হইতে পরবর্তী ০২(দুই) বৎসরের জন্য বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-১৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের চারটি বেকারী এবং শহীদ সাত্তার মার্কেটের নয়টি দোকানের ইজারা মেয়াদ ১৯৯৯-২০০০ সনের জন্য বর্ধিতকরণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের চারটি বেকারী ও শহীদ সাত্তার মার্কেটের নয়টি দোকানের ইজারা মেয়াদ ১৯৯৯-২০০০ সনের জন্য বর্ধিতকরণের সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৪ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ইজারা প্রদত্ত দোকানের ইজারা গ্রহীতা এবং ভাড়াটিয়াদের মধ্যে উদ্ভূত সমস্যা/জটিলতার ব্যাপারে বোর্ডের করণীয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে গত ১০-০৫-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ৫৬-বিবিধ (১৯) নং গৃহীত সিদ্ধান্ত উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। দোকান বরাদ্দলাভকারী ও ভাড়াটিয়ার মধ্যে জটিলতা/সমস্যার উদ্ভব হইলে পক্ষদ্বয়ের নিজস্ব উদ্যোগে ০৩(তিন) মাসের মধ্যে উহা সমাধান করিতে হইবে। যাহার দায়-দায়ীত্ব বোর্ড গ্রহণ করিবে না। অন্যথায় দোকান বরাদ্দের শর্ত ভংগের দায়ে সংশ্লিষ্ট দোকান বরাদ্দলাভকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইল ।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১৫ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/বি নং প্লট বা তৎসংলগ্ন জমি উইং কমান্ডার জহিরুল ইসলাম (অবঃ) এর নামে ইজারা প্রদানের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০-০৮-৯৯ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬৮/শা-৩/১০ নং পত্র এবং তৎসংগে প্রাপ্ত কাগজপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৩-১১-৯৩ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬৮/শা-৩/৪ নং পত্রে দেখা যায় যে, সেনানিবাস বাজার এলাকার ৯/বি প্লটের ০.২৫ একর জমি প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা পালন সাপেক্ষে আবাসিক উদ্দেশ্যে উইং কমান্ডার জহিরুল ইসলামকে ইজারা দেওয়ার জন্য মহামান্য রাষ্ট্রপতি সদয় নীতিগত সম্মতি জ্ঞাপন করিয়াছেন। পরবর্তীতে উক্ত বিষয়ে কোন অগ্রগতি সাধিত হয় নাই। পক্ষান্তরে সেনাসদরের ২৫-০৫-৯৫ইং তারিখের ৩৯১৭/৯/অফিসার/এমকিউ-২ নং পত্রে উক্ত ৯/বি প্লট ৬ নং প্লটের পূর্বাংশের পরিবর্তে প্লট মালিককে প্রদানের সিদ্ধান্ত দেওয়া হয়। এই বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের ০৬-৬-৯৯ইং তারিখের ঢাক্যাবো/ক্যাঃভাঃএঃ/৬/৩৫ নং পত্রে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সিদ্ধান্ত চাওয়া হইয়াছে। বিষয়টির জটিলতা বিবেচনা করিয়া সংশ্লিষ্ট বিষয়ে বোর্ডের করণীয় সম্পর্কে অধিদপ্তরের মতামত চাওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত বিষয়ে অধিদপ্তরের মতামত পাওয়ার পর উহা পরবর্তী বোর্ড সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হইবে। এই বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে প্রেরিতব্য পত্রের অনুলিপি সেনাসদর, কিউএমজি শাখাকে প্রদান করা হউক ।

প্রস্তাব নং-১৬ঃ গত ১০-০৩-৯৯ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৭ নং সিদ্ধান্তের আলোকে রজনীগন্ধা সুপার মার্কেটের সি/২২৪ নং দোকানের ব্যবসায়ী জনাব এ কে এম মিজানুর রহমানের বিরুদ্ধে জনৈকা বেগম ফিরোজা বেগম এর ১৬-০২-৯৯ইং তারিখের অভিযোগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনাকালে রেকর্ড পর্যালোচনায় দেখা যায় সি/২২৪ নং দোকানটি সামরিক কোঠায় জনাব মোঃ বাবুল মিয়া পিতা-সিপাহী আইয়ুব আলী এর নামে বরাদ্দকৃত । বিবদমান সমস্যা নিস্পত্তিকরণকল্পে বরাদ্দলাভকারী মোঃ বাবুল মিয়ার বক্তব্য গ্রহণপূর্বক বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা এবং উদ্ভূত সমস্যা নিরসন না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট দোকানটি তালাবদ্ধ অবস্থায় বোর্ডের নিয়ন্ত্রণে রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হইল ।

প্রস্তাব নং-১৭ঃ ঢাকা সেনানিবাসস্থিত মিরপুর ১৪ নং মোড়ে নিলামের মাধ্যমে ৩০ (ত্রিশ) বৎসর মেয়াদী ইজারা প্রদত্ত চারটি দোকানের ইজারা বাতিল করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৫-০৮-৯৯ইং তারিখের ৬১৯/৪/এ নং পত্র উপস্থাপনকরা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। জনস্বার্থে মিরপুর ১৪ নং সেকশনের মোড়ের রাস্তা জনসাধারন ও যানবাহন চলাচলকল্পে নির্বিঘ্ন করার ব্যাপারে বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত ০৪টি দোকানের ইজারা বাতিলপূর্বক সংশ্লিষ্ট দোকানগুলি ভাঙ্গিয়া ফেলা এবং তৎপ্রেক্ষিতে ইজারা গ্রহীতাগণকে আনুপাতিক হারে সেলামীর অর্থ ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য দুইটি অলিম্পিয়া ২৬" রোলার বিশিষ্ট বাংলা টাইপ রাইটার মেশিন সরবরাহের নিমিত্তে গত ১২-০৭-৯৯ইং তারিখে কল কুইক এন্টারপ্রাইজ, ৫৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, মডার্ণ ম্যানশন, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৬৮,৪০০/-(আটষট্টি হাজার চারশত)টাকার সর্বনিম্ন দরপত্র সি সি বি কর্তৃক অনুমোদিত হইয়াছে। উক্ত দরপত্র ঘটনোত্তর অনুমোদনকরণ। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০১-৮-৯৯ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১২০-৩/শা-২(ক)/৭৭ নং পত্র উপস্থাপন করা হইল ।

৫ম পৃষ্ঠায়ঃ

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ০২(দুই)টি ২৬" রোলার বিশিষ্ট অলিম্পিয়া বাংলা টাইপ রাইটার মেশিন সরবরাহের নিমিত্তে কল কুইক এন্টারপ্রাইজ,৫৩,মতিঝিল বাণিজ্যিক এলাকা,মতার্ণ ম্যানশন,ঢাকা কর্তৃক দাখিলকৃত ৬৮,৪০০/- (আটষট্টি হাজার চারশত)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে ঘটনোত্তর অনুমোদন করা হইল ।

প্রস্তাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি সরবরাহের নিমিত্তে গত ১৫-৮-৯১ইং তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয় এবং ২৪-৮-৯১ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্র বাকেস মোট ছয়টি দরপত্র পাওয়া যায়। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নির্দেশ মোতাবেক প্রাপ্ত দরপত্রসমূহের উপর মেজর জেনারেল এম এ মোহায়মেন (অবঃ) বিশেষজ্ঞ কনসালটেন্ট, দরপত্র প্রণয়ন সাব-কমিটির মতামত সংগ্রহ করা হইয়াছে। কমিটির মতামত অনুযায়ী নিম্নবর্ণিত দরপত্রদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দরপত্র গ্রহণ করার সুপারিশ করিয়াছেন। সংশ্লিষ্ট দরপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। বিশেষজ্ঞ কনসালটেন্টের মতামত ও দরপত্রসমূহ বোর্ড সভায় উপস্থাপন করা হইল ঃ-

(১) বি ও সি,বাংলাদেশ লিঃ,২৮৫,তেজগাঁও শিল্প এলাকা,ঢাকা কর্তৃক দাখিলকৃত দরপত্র সিডিউলের একমিক নং-১ এর ভেনটিলেটর মূল্য ৯,০০,০০০/-(নয় লক্ষ) টাকা বর্তমানে ক্রয় না করার জন্য কমিটি মতামত পোষণ করিয়াছেন ।

(২) টেকনোট্রেড ইন্টারন্যাশনাল এসোসিয়েট লিমিটেড,৯/এইচ,মতিঝিল বা/এ,ঢাকা কর্তৃক দাখিলকৃত আইটেম নং-২ এর দর ৩,৪৫,০০০/-(তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা এবং আইটেম নং-৩ এর দর ২৩,৩৭৫/-(তেইশ হাজার তিনশত পঁচাত্তর)টাকায় ক্রয়ের সুপারিশ করিয়াছেন।

(৩) সানি ট্রেডিং এজেন্সী প্রাঃ লিঃ,আজিজ সুপার মার্কেট,৩০-৩১,শাহবাগ,ঢাকা কর্তৃক দাখিলকৃত আইটেম নং-৪ এর সর্বনিম্ন দর ১৫,৮৭,১৮০/-(পনর লক্ষ সাতাশি হাজার একশত আশি)টাকা,আইটেম নং-৫ এর দর ৫,২৫,০০০/-(পাঁচ লক্ষ পঁচিশ হাজার)টাকা এবং আইটেম নং-৬ এর দর ৪,২০,৭০০/-(চার লক্ষ বিশ হাজার সাতশত)টাকায় ক্রয়ের সুপারিশ করিয়াছেন ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে অত্যাধুনিক যন্ত্রপাতি সরবরাহের নিমিত্তে প্রাপ্ত দরপত্রসমূহের উপর মেজর জেনারেল এম এ মোহায়মেন (অবঃ) ও অন্যদুইজন সদস্য সমন্বয়ে গঠিত কমিটির নিম্নোক্ত সুপারিশ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ঃ-

(১) বি ও সি,বাংলাদেশ লিঃ,২৮৫,তেজগাঁও শিল্প এলাকা,ঢাকা কর্তৃক দাখিলকৃত দরপত্র সিডিউলের আইটেম নং-০১ এর ভেনটিলেটর মূল্য ৯,০০,০০০/-(নয় লক্ষ)টাকা বর্তমান হাসপাতাল ভবনে উপযুক্ত স্থানের অভাবে আপাততঃ ক্রয় না করার জন্য দরপত্র সিডিউল প্রণয়ন কমিটি মতামত পোষণ করিয়াছেন। উক্ত মতামত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হউক ।

(২) টেকনোট্রেড ইন্টারন্যাশনাল এসোসিয়েট লিমিটেড,৯/এইচ,মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক দাখিলকৃত দরপত্র সিডিউলের আইটেম নং-০২ এর দর ৩,৪৫,০০০/- (তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার)টাকা এবং আইটেম নং-০৩ এর দর ২৩,৩৭৫/- (তেইশ হাজার তিনশত পঁচাত্তর)টাকায় ক্রয়ের জন্য কমিটির সুপারিশ করে ।

৬ষ্ঠ পৃঃদ্রঃ

(৩) বানি ট্রেডিং এজেন্সী প্রাঃ লিঃ, আজিজ সুপার মার্কেট, ৩০-৩১, শাহবাগ, ঢাকা কর্তৃক দাখিলকৃত দরপত্র সিডিউলের আইটেম নং-০৪ এর দর ১৫,৮৭,১৮০/-(পনর লক্ষ সাতাশি হাজার একশত আশি) টাকা, আইটেম নং-০৫ এর দর ৫,২৫,০০০/-(পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকা এবং আইটেম নং-০৬ এর দর ৪,২০,৭০০/-(চার লক্ষ বিশ হাজার সাতশত) টাকায় ক্রয়ের জন্য কমিটি সুপারিশ করে ।

প্রস্তাব নং-২০ঃ ঢাকা সেনানিবাসস্থিত ধামালকোট এলাকায় অবস্থিত লালাসরাই জামে মসজিদের তৃতীয় তলার নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য আরো ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা অনুদান প্রদানের জন্য সংশ্লিষ্ট মসজিদ, মাদ্রাসা ও এতিমখানা কমিটির সভাপতি ০১-৮-৯১ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩-৮-৯১ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩৫৯/গা-৮/১২ নং পত্র বোর্ড সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিশদ আলোচনা হইল। আলোচনান্তে জনস্বার্থে ঢাকা সেনানিবাসস্থিত ধামালকোট এলাকার লালাসরাই জামে মসজিদের তৃতীয় তলার নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা অনুদান বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২১ঃ ঢাকা সেনানিবাসস্থিত ডিওএইচএস জোয়ারসাহারায় মসজিদ নির্মাণের নিমিত্তে ১৬,০০,০০০/-(ষোল লক্ষ) টাকা প্রয়োজন বলিয়া সভাপতি, এডহক কমিটি, ডিওএইচএস জোয়ারসাহারা এসোসিয়েশন, বাড়ী নং-২১৪, লেন নং-৪, ঢাকা-১২০৬ কর্তৃক পেশকৃত ০৮-৮-৯১ইং তারিখের পত্রের কপি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪-৮-৯১ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩১০/শা-৩/২০ নং পত্রের মাধ্যমে বোর্ড সভার সিদ্ধান্তের জন্য অত্র দপ্তরে প্রেরণ করিয়াছেন। উক্ত পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট পত্রদ্বয় বোর্ড সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থিত ডিওএইচএস জোয়ারসাহারায় মসজিদ নির্মাণের নিমিত্তে ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা অনুদান বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। অনুদান বরাদ্দসহ বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২২ঃ ঢাকা সেনানিবাসস্থিত বনানী ডিওএইচএস এলাকার মসজিদের বর্ধিত নির্মাণ কাজের জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার অনুদান চাহিয়া উক্ত মসজিদ কমিটির সেক্রেটারী গত ০৮-৮-৯১ইং তারিখে একখানা আবেদনপত্র পেশ করিয়াছেন। উক্ত আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । আবেদনপত্র বোর্ড সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থিত বনানী ডিওএইচএস এলাকার মসজিদের বর্ধিত নির্মাণ কাজের নিমিত্তে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা অনুদান বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। অনুদান বরাদ্দসহ চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৬৫/এ নং বাসস্থানে ১৫-১২-৯১ইং তারিখ পর্যন্ত বসবাসের অনুমতি চাহিয়া মরহুম আবুল হাসেমের স্ত্রী বেগম এস এ এস তাহুরা গত ০৬-৯-৯১ইং তারিখে একখানা আবেদনপত্র পেশ করিয়াছেন। তাহার উক্ত আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৭ম পৃঃদ্রঃ

ীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাক্তন ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার মরহুম আবু [illegible] কাসেমের স্ত্রী বেগম এস এ এস তাহুরাকে বিশেষ মানবিক বিবেচনায় তদীয় আবেদন [illegible] ক্যান্টনমেন্ট বোর্ডের ৬৫/এ নং বাসস্থানে আগামী ১৫-১২-৯৯ইং তারিখ [illegible] বসবাসের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। এই তারিখের পর তিনি বোর্ডের অন্য কোন বাসস্থান বসবাসের জন্য প্রাপ্য হইবেন না। এই প্রসংগে [illegible] ক্যান্টনমেন্ট বোর্ডের ২২-৮-৯৯ইং তারিখের ঢাকাবো/জিএ/২০/৭/১৫৯ নং পত্র বাতিল করা হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, আগামী ১৬-১২-৯৯ইং তারিখ হইতে উক্ত বাসস্থান সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসকে বরাদ্দ দেওয়া হউক ।

্তাব নং-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের হিসাব করণিক জনাব মোঃ ইসপাহান চৌধুরীকে ক্যাশিয়ারের চলতি দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৫-৭-৯৯ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬-৭/শা-২/১০ নং পত্র বোর্ড সভায় উপস্থাপন করা হইল ।

ীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে দাপ্তরিক কাজের স্বার্থে ও সংশ্লিষ্ট কর্মচারীর যোগ্যতা বিবেচনায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের হিসাব করণিক জনাব মোঃ ইসপাহান চৌধুরীকে নিয়মিতভাবে ক্যাশিয়ার নিয়োগ না হওয়া পর্যন্ত ক্যাশিয়ারের চলতি দায়িত্ব প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

্তাব নং-২৫ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণীতে বাণিজ্য বিভাগে ১২০ জন ছাত্রছাত্রী অধ্যয়নরত আছে এবং ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীর বাণিজ্য বিভাগে ছাত্রছাত্রীর সংখ্যা ১৫০ জনের অধিক, বাণিজ্য বিভাগের ছাত্রছাত্রীদের সুষ্ঠু শিক্ষালাভের স্বার্থে একাদশ শ্রেণীর বাণিজ্য বিভাগে আরো একটি নূতন শাখা খোলাপূর্বক একজন প্রভাষক (ব্যবস্থাপনা) পদ সৃষ্টির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ২৩-৮-৯৯ইং তারিখের শঃরঃউঃমাঃ বিঃ/সিবিশ/১/৪৯ নং পত্র বোর্ড সভায় উপস্থাপন করা হইল ।

ীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে চলতি শিক্ষাবর্ষে শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণীর বাণিজ্য বিভাগে ভর্তিকৃত ছাত্রছাত্রীর সংখ্যা ১৫০ জনের অধিক হওয়ায় এবং কলেজ ভবনে একটি কক্ষ বর্তমানে অব্যবহৃত অবস্থায় থাকায় বাণিজ্য শিক্ষা প্রসারের সুবিধার্থে উক্ত বিদ্যালয়ের একাদশ শ্রেণীর বাণিজ্য বিভাগে আরো একটি নূতন শাখা খোলাপূর্বক একটি প্রভাষক (ব্যবস্থাপনা) নূতন পদ সৃষ্টির প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

্তাব নং-২৬ঃ ৩১-৭-৯৭ইং তারিখের সিদ্ধান্তের আলোকে ঠিকাদার তালিকাভুক্তির জন্য প্রাপ্ত আবেদনপত্রগুলির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। আবেদনপত্রের তালিকা উপস্থাপন করা হইল ।

ীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। বিগত ৩১-৭-৯৭ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ২৮ নং সিদ্ধান্তের আলোকে বৎসরে দুইবার ফেব্রুয়ারী ও আগস্ট মাসে ০৫(পাঁচ) জন করিয়া ঠিকাদার তালিকাভুক্ত করা হইয়া থাকে। উল্লেখ্য যে, গত আগস্ট'৯৯ মাসে বোর্ড সভা অনুষ্ঠিত না হওয়ায় উক্ত মাসের ঠিকাদার তালিকাভুক্তি-করণের বিষয়টি বর্তমান সভায় সিদ্ধান্তের জন্য ৩৩(তেত্রিশ)টি আবেদনপত্র উপস্থাপন করা হয়। ইহার মধ্যে নিম্নোক্ত ০৫(পাঁচ)টি প্রতিষ্ঠান/ফার্মকে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর

৮ম পৃঃদ্রঃ

হইতে ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রথম শ্রেণীর ঠিকাদার হিসাবে তালিকাভুক্তির করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(১) রেজা কনস্ট্রাকশন লিমিটেড
ম্যানেজিং ডাইরেক্টর-জনাব খান মোঃ আফতাব উদ্দিন
৮/৩৩, ইস্টার্ণ প্লাজা, সোনারগাঁও রোড
হাতিরপুল, ঢাকা-১২০৫ ।

(২) মেসার্স মধুমতি ট্রেডার্স
প্রোঃ-গাজী মোঃ আল-মাহমুদ
১৮৬, ধামালকোট
ঢাকা সেনানিবাস
ঢাকা-১২০৬ ।

(৩) মেসার্স এম এইচ কম্পিউটার্স
প্রোঃ-জনাব মোঃ মুখলেছুর রহমান
৮৭, মতিঝিল বাণিজ্যিক এলাকা (২য় তলা)
ঢাকা-১০০০ ।

(৪) মেসার্স এম এ ওয়াহেদ
প্রোঃ-জনাব মোঃ আবদুল ওয়াহেদ
সেকশন-১২, ব্লক-ই, লাইন-৭
বাড়ী নং-১৫, মিরপুর, ঢাকা ।

(৫) মেসার্স ইউনুছ এন্ড ব্রাদার্স
প্রোঃ-জনাব মোঃ ইউনুছ আলী
সেকশন-১০, ব্লক-বি, এভিনিউ-১
হাউজ-৫৫, মিরপুর
ঢাকা-১২২১ ।

প্রস্তাব নং-২৭ঃ বনানী ডিওএইচএস কমিউনিটি সেন্টার এলাকায় ইংলিশ মিডিয়াম প্রাইমারী স্কুল নির্মাণের জন্য আর্থিক সাহায্য চাহিয়া ডিওএইচএস বনানী এসোসিয়েশনের সভাপতি কর্তৃক পেশকৃত ০৭-০৯-৯১ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ উপস্থাপিত আবেদনপত্রের উপর বিস্তারিত আলোচনান্তে বিষয়টি বিবেচনা করা গেল না ।

প্রস্তাব নং-২৮ঃ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য লোন হিসাবে প্রদানের নিমিত্তে আনুমানিক ১,২০,০০০/-(একলক্ষ বিশ হাজার)টাকা মূল্যে একটি ক্যানন ফটোকপিয়ার মেশিন ক্রয়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৯-০৯-৯১ইং তারিখের ইউ ও নোট নং-প্রম/মুস/৯১/৩৯৯৯ নং পত্রসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৯-০৯-৯১ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১২০-৩/শা-২(ক)/৭৮ নং পত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হইল যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জন্য গুণগত মানসম্পন্ন একটি ফটোকপিয়ার মেশিন ক্রয়ের নিমিত্তে দরপত্র আহবানপূর্বক উহা চূড়ান্ত অনুমোদনসহ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২৯ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় অবস্থিত বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল(বর্তমান স্টেশন সদর দপ্তর কর্তৃক নিয়ন্ত্রিত) এর তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের চাকরি ক্যান্টনমেন্ট বোর্ডের অধীনে আত্তীকরণের আবেদনপত্রের ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১২-১-৯১ইং তারিখের ৬১৯/৫/এ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৯ম পৃঃদ্রঃ

বিবরণটির উপর সভায় বিশদ আলোচনা হইল। বি আই এস প্রাথমিকভাবে বোর্ড পরিচালিত
তি সিদ্ধান্তঃ একটি প্রতিষ্ঠান ছিল বিধায় উহার তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীগণ ক্যান্টনমেন্ট বোর্ডের
কর্মচারী হিসাবে নিয়োগপ্রাপ্ত হন এবং তাহাদের চাকরি ১৯৫৪ সালের ক্যান্টনমেন্ট
সার্ভেন্টস রুলের আওতাধীন ছিল। পরবর্তীতে ১৬-০৩-৯১ইং তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষের
সিদ্ধান্তক্রমে উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার দায়িত্ব স্থানীয় স্টেশন সদর দপ্তরের উপর
ন্যস্ত হয়। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানের ১৩ (তের) জন কর্মচারী তাহাদের চাকরি ক্যান্টনমেন্ট
বোর্ডের আওতায় আত্তীকরণের জন্য আবেদন জানাইয়াছেন। বোর্ড সভায় বিষয়টি মানবিক
দিক বিবেচনা করিয়া প্রাপ্ত আবেদনপত্রসমূহ সদয় বিবেচনার নিমিত্তে সুপারিশসহ সামরিক
ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৩০ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে বনায়ন ও বাগান সৃজন/সংরক্ষণের লক্ষ্যে বর্তমানে
মাস্টার রোলে নিয়োজিত নার্সারী সুপারভাইজার জনাব মোঃ আকমল হোসেন পিতা-মৃত
ফকির উদ্দিন সরদার গ্রাম-চককুমুরিয়া ডাকঘর-খলিলপুর জিলা-পাবনাকে নার্সারী সুপারভাইজার
এর পদ সৃষ্টি ও পূরণ না হওয়া পর্যন্ত মাস্টার রোল ভিত্তিতে নিয়োজিত রাখা প্রসংগে
আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা
সেনানিবাসের বিভিন্ন স্থানে বনায়ন ও বাগান সৃজন এবং উহা সংরক্ষণের নিমিত্তে
নার্সারী সুপারভাইজার পদ সৃষ্টি না হওয়া পর্যন্ত জনাব মোঃ আকমল হোসেন পিতা-মৃত
ফকির উদ্দিন সরদার গ্রাম-চককুমুরিয়া ডাকঘর-খলিলপুর জিলা-পাবনাকে দৈনিক ১০৫/-
(একশত পাঁচ) টাকা মজুরীতে মাস্টার রোলে নিয়োজিত রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত
গৃহীত হইল।

প্রস্তাব নং-৩১ঃ ওয়েস্ট কনসার্ন হাউজ নং-২১ রোড নং-৭ ব্লক-জি বনানী ঢাকা কর্তৃক নিজ ব্যবস্থাপনায়
ঢাকা অথবা মিরপুর সেনানিবাস আবাসিক এলাকায় ময়লা আবর্জনা সংগ্রহ করিয়া উক্ত
এলাকার নির্দিষ্ট স্থানে কম্পোস্ট সার তৈরী করার অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা
ও সিদ্ধান্ত গ্রহণ। এ বিষয়ে সেনাসদর কিউ এম জি'র শাখা (কর্ড) ঢাকা সেনানিবাসের
৩১-৮-৯১ইং তারিখের ৩৯১০/১/কিউএমজি নং পত্র সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সিদ্ধান্ত
গৃহীত হইল যে, ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থান/ডাস্টবিন হইতে নিজ ব্যবস্থাপনায়
ময়লা/আবর্জনা সংগ্রহ করিয়া রিসাইক্লিং এর মাধ্যমে কম্পোস্ট সার তৈরীকল্পে সেনানিবাস
এলাকায় উপযুক্ত স্থান নির্বাচনপূর্বক তাহা নকশায় প্রদর্শন করিয়া প্রস্তাবাকারে বোর্ডে
পেশ করার জন্য ওয়েস্ট কনসার্নকে পত্র লেখা হউক। ওয়েস্ট কনসার্ন হইতে সংশ্লিষ্ট বিষয়ে
পূর্ণাঙ্গ প্রস্তাব পাওয়ার পর বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা হউক।

প্রস্তাব নং-৩২ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২২-৮-৯১ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/
১৩০-৮/শা-৮/৪৯ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বিষয়টি
আপাততঃ স্থগিত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৩৩ঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ৫৩০/এ এবং ৫৩১/এ নং প্লটে প্যালাসাইডিংসহ মাটি
ভরাটের জন্য সর্বনিম্ন দরদাতা ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স পুষ্পিত ট্রেডিং কর্পোরেশন ১৯৯৫
সালের এম ই এস সিডিউলের উপর যথাক্রমে ১২%(বার) নিম্নে ও ৬%(ছয়) নিম্নে দর
দাখিলের প্রেক্ষিতে গত ২৯-৬-৯১ইং তারিখের ক্যান্টনমেন্ট বোর্ড সভায় উক্ত সর্বনিম্ন দর
অনুমোদনের পর সংশ্লিষ্ট ঠিকাদারকে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড

১০ম পৃঃ দ্রঃ

কর্তৃক গত ১৭-৮-৯১ইং তারিখে কার্যাদেশ প্রদান করা হয় এবং ০৫-৯-৯১ইং তারিখে প্রকল্প দুইটির কাজ আরম্ভ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। ইহার প্রেক্ষিতে সংশ্লিষ্ট ঠিকাদার তাহার অসুস্থতার কারণে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সময় বর্ধিতকরণ অথবা দরপত্রে অংশ গ্রহণকারী দ্বিতীয় সর্বনিম্ন দরদাতা দ্বারা সম্পন্ন করতঃ তাহাকে অব্যাহতি দেওয়ার জন্য গত ১৫-৯-৯১ইং তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ৫৩০/এ এবং ৫৩৯/এ নং প্লটে প্যালাসাইডিংসহ মাটি ভরাটের ব্যাপারে সর্বনিম্ন দরদাতা মেসার্স পুষ্পিতা ট্রেডিং কর্পোরেশনের ১৫-৯-৯১ইং তারিখের আবেদনপত্রের বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সংশ্লিষ্ট ঠিকাদারের আবেদন বিবেচিত হয় নাই এবং কার্যাদেশ অনুযায়ী বর্ণিত কাজ দুইটি না করায় তাহার দরপত্রের সহিত জমাকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, যদি দ্বিতীয় সর্বনিম্ন দরদাতা মেসার্স ইমেল এন্টারপ্রাইজ সর্বনিম্ন দরদাতার দরে অর্থাৎ ১৯৯৫ সালের এম ই এস সিডিউলের উপর ৫৩০/এ নং প্লটে মাটি ভরাটের জন্য ১২% নিম্নে এবং ৫৩৯/এ নং প্লট মাটি ভরাটের জন্য ৬% নিম্নে হারে কাজ দুইটি করিতে সম্মত হয় তবে দ্বিতীয় সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ দেওয়া হউক। সংশ্লিষ্ট প্লট বরাদ্দলাভকারী কর্মকর্তাগণ স্ব-স্ব প্লটে বাড়ী নির্মাণের নিমিত্তে কাজটি দ্রুত সম্পন্নকরণের জন্য তাগিদ দিতেছেন বিধায় উক্ত কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হউক।

প্রস্তাব নং-৩৪ঃ মহাখালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাব হইতে ৯ নং লেইন পর্যন্ত রাস্তার পূর্বপার্শ্বে ফুটপাত নির্মাণের নিমিত্তে ১৫,৬৬,৪০০/-(পনর লক্ষ ছেষট্টি হাজার চারশত) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনাকালে জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাব হইতে লেইন নং-৭ পর্যন্ত রাস্তার পূর্বপার্শ্বের ফুটপাত নং-৯ পর্যন্ত জরুরী ভিত্তিতে সম্প্রসারণ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের তাগিদ রহিয়াছে। এমতাবস্থায়, ১৫,৬৬,৪০০/-(পনর লক্ষ ছেষট্টি হাজার চারশত) টাকার সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, চলমান প্রকল্পটি জনস্বার্থে দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে উক্ত ফুটপাত নির্মাণ কাজ নিয়োজিত ঠিকাদার মেসার্স কাসেম এন্ড সন্স দ্বারা একই দরে কাজটি সম্পাদন করা হউক।

প্রস্তাব নং-৩৫ঃ ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক ও বিভিন্ন সড়কের সাইন পোস্টিং ও রোড ডিভাইডার সংযোজন/মেরামতের জন্য আর্মি এম পি ইউনিটকে ১,৭৫,০০০/-(এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে আর্মি এম পি ইউনিটের ২৪-৬-৯১ইং তারিখের ০১০৬/১৬৩/হিসাব নং পত্র উপস্থাপন করা হইল।

